# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৩১

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩৪. কুরআন সুমধুর সূরে পাঠ করা

باب التَّغَنِّي بِالْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ لِأَبِي مُوسَى وَكَانَ حَسَنَ الصَّوْتِ بِالْقُرْآنِ لَقَدْ أُوتِيَ هَذَا مِنْ مَزَامِيرِ آلِ دَاوُدَ

বাংলা

৩৫৩১. আবূ সালামাহ ইবনু আব্দুর রহমান (রহঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ মূসা রাদ্বিয়াল্লাহু আনহুকে লক্ষ্য করে বলতেন, হে আবূ মূসা! “তোমাকে দাঊদ (আঃ)-এর সুমধুর কণ্ঠ দান করা হয়েছে।” আর তিনি অতি সুমধুর স্বরে কুরআন পাঠ করতেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ; এতে দু’টি ত্রুটি বিদ্যমান। ১. আব্দুল্লাহ ইবনু সালিহ যয়ীফ. ২. মুরসাল বর্ণনা। তবে হাদীসটি (সহীহ) বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, ফাযাইলুল কুরআন নং ৫০৪৮; মুসলিম, সালাতুল মুসাফিরীন ৭৯৩।

আমরা এর তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭২৭৯; সহীহ ইবনু হিব্বান নং ৭১৯৭ তে।

এছাড়াও, বাইহাকী, ৩/১২, ১০/২৩১; শুয়াবুল ঈমান নং ২/৫২৬; আবী উবাইদ, ফাযাইলুল কুরআন পৃ. ১৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83816

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন